দৈনিক জনকণ্ঠ

তারিখ 15 NOV 2017 পৃষ্ঠা ... কলাম ...

# ক্যাম্পাস সন্ত্রাস ও সহিংসতা নির্মূলে যৌথ পদক্ষেপ

**স্টাফ রিপোর্টার ॥** ক্যাম্পাস সন্ত্রাসবাদ এখন বিশ্বব্যাপী একটি সমস্যা। সারাবিশ্বের জন্যই এটি একটি চ্যালেঞ্জ। দেশের বিশ্ববিদ্যালয়সমূহে সন্ত্রাসবাদ এবং সহিংসতা নির্মূলে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় এবং ইউজিসি যৌথভাবে পদক্ষেপ গ্রহণ করেছে। যে কোন মূল্যে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহ থেকে সন্ত্রাসবাদ নির্মূল করতে হবে। এজন্য ব্রিটিশ শিক্ষা প্রতিষ্ঠানসমূহ এবং ইউজিসি'র মধ্যে সহযোগিতা প্রয়োজন। বাংলাদেশসহ সমগ্র বিশ্বের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহে শান্তিপূর্ণ ক্যাম্পাস তৈরি এবং ক্যাম্পাস সন্ত্রাসবাদ ও সহিংসতা নির্মূল শীর্ষক কর্মশালায় বক্তারা এ অভিমত ব্যক্ত করেন। ঢাকার একটি হোটেলে অনুষ্ঠিত এ কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান (ইউজিসি) অধ্যাপক আবদুল মান্নান। আরও ছিলেন ঢাকাস্থ ব্রিটিশ হাইকমিশনার মিস. এ্যালিসন ব্লেক, ইউজিসি সদস্য প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা, প্রফেসর ড. মোঃ আখতার হোসেন, সচিব ড. মোঃ খালেদ, ব্রিটিশ হাই কমিশনের ডেপুটি হাই কমিশনার ডেভিড এ্যাশলে প্রমুখ। ছিলেন বিভিন্ন পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, ইংল্যান্ডের হোম অফিস ও হায়ার এডুকেশন ফান্ডিং কাউন্সিলের উচ্চ পদস্থ কর্মকর্তা বিভিন্ন মন্ত্রণালয়ের সিনিয়র কর্মকর্তারা। ইউজিসি'র সহযোগিতায় ব্রিটিশ হাইকমিশন এবং ব্রিটিশ কাউন্সিল এই কর্মশালার আয়োজন করে। ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বলেন, ক্যাম্পাস সন্ত্রাসবাদ এখন একটি বিশ্বব্যাপী সমস্যা। এটি একটি বিশ্বব্যাপী চ্যালেঞ্জ এবং এটিকে মোকাবেলা করার জন্য সকলের সহযোগিতা প্রয়োজন। তিনি বলেন, দেশের বিশ্ববিদ্যালয়সমূহে সন্ত্রাসবাদ এবং সহিংসতা নির্মূলে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় এবং ইউজিসি যৌথভাবে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। আমাদের তরুণ প্রজন্মের কাছে বাংলাদেশের ঐতিহাসিক মুক্তিযুদ্ধের প্রকৃত চিত্র তুলে ধরার জন্য ইউজিসি বিশ্ববিদ্যালয়সমূহে বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস শীর্ষক একটি কোর্স চালু করেছে।

**৯০০ উত্তরপত্র হারিয়ে যাওয়ায় কেন্দ্র বাতিল, তদন্ত কমিটি ॥** ডিগ্রী (পাস) পরীক্ষার সাড়ে ৯০০ উত্তরপত্র হারিয়ে যাওয়ায় চরম দায়িত্বহীনতার কারণে মাদারীপুর জেলার ডি কে আইডিয়াল সৈয়দ আতাহার আলী কলেজ পরীক্ষা কেন্দ্র বাতিল করেছে জাতীয় বিশ্ববিদ্যালয়। এ ঘটনায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ তিন সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করেছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতরের পরিচালক মোঃ ফয়জুল করিম জানান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে আগামী ১৮ নবেম্বর দ্বিতীয় বর্ষ ডিগ্রী পাস পরীক্ষা শুরু হচ্ছে।